পরীমণির ‘প্রেমে পড়া’ ভিডিওতে চমক, সত্যি নয় মজা!

written by Chandradip News24 | November 19, 2024

দেশের আলোচিত চিত্রনায়িকা পরীমণি হামেশাই সংবাদের শিরোনামে থাকেন। সম্প্রতি তিনি ঘোষণা দিয়েছিলেন যে, নতুন করে প্রেমে পড়েছেন! এই ঘোষণার পরপরই অনুরাগীদের মধ্যে শুরু হয় চরম উত্তেজনা। সকলেই ভেবেছিলেন, সত্যিই পরীমণি নতুন সঙ্গী পেয়েছেন।

সম্প্রতি একটি ভিডিও শেয়ার করেন পরী, যেখানে চলন্ত গাড়িতে কারও হাত ধরে থাকতে দেখা গেছে তাকে। আলিঙ্গনের মতো মুহূর্তে থাকা সেই ভিডিও দেখে অনেকেই মনে করেন, এটা নিশ্চয়ই পরীর নতুন প্রেমিক। ভিডিও শেয়ার করে তিনি ক্যাপশনে লিখেছিলেন, ‘হ্যাঁ! আমি আবারও প্রেমে পড়েছি।’

এই পোস্টের পরেই সামাজিক যোগাযোগ মাধ্যমে শুরু হয় হইচই। পরীমণির অনুরাগীরা শুভেচ্ছা বার্তায় ভরে দেন তার মন্তব্য বাক্স। অনেকেই ভেবেছিলেন, পরীমণি জীবনের নতুন অধ্যায়ে পা রাখছেন।

কিন্তু ঘটনার মোড় নেয় অন্যদিকে। কয়েকদিন পর পরীমণি আবার সেই ভিডিওটি সামনে নিয়ে আসেন। প্রকাশ করেন ভিডিওটির পুরো সত্য।

মূলত, এটি ছিল শুধুমাত্র একটি ‘প্র্যাঙ্ক’ বা মজার ছলে করা ভিডিও। ভিডিওর শেষে দেখা যায়, পরীর সঙ্গী এবং তিনি মিলে হাসতে হাসতে মজা করছেন। পরীমণি ক্যাপশনে লিখেন, ‘প্রাংকটা কি একটু বেশি হলে গেছিলো?’

এর মাধ্যমে তিনি স্পষ্ট করে দেন যে, পুরো বিষয়টি ছিল শুধুমাত্র ভক্তদের সঙ্গে মজা করার জন্য। তিনি আরও জানান, ‘গুজবে কান দেবেন না।’

উল্লেখ্য, অভিনেতা শরিফুল রাজের সঙ্গে ডিভোর্সের পর পরীমণি জানিয়েছিলেন, তিনি আর কোনো নতুন সম্পর্কে জড়াতে চান না। তার ছেলে রাজ্য এবং মেয়ে তার জীবনের দুই ডানা, তাদের নিয়েই সুখে আছেন তিনি।

—

মো: আল-আমিন
স্টাফ করেসপন্ডেন্ট, চন্দ্রদ্বীপ নিউজ ২৪ ডট কম